# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

**মন্ত্রণালয়/বিভাগের নাম** : তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
**আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা** :
**প্রতিবেদনাধীন বছর** : **২০১৪-১৫** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ** : ২১-০৬-২০১৫

## (১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা)<br><br>**বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।** | ৩৬ | ২০ | ১৬ | ২ | নিজস্ব নিয়োগবিধি প্রণয়নের কাজটি সচিব কমিটিতে প্রেরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। নিয়োগবিধি প্রণীত হলে শূন্য পদে জনবল নিয়োগ দেওয়া সম্ভব হবে। |
| **মোট** | **৩৬** | **২০** | **১৬** | **২** | |

***** অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** |
| X | X | X | ১ | ১১ | ৪ | ১৬ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা : **প্রযোজ্য নয়।**

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা :

নিজস্ব নিয়োগবিধি প্রণয়নের কাজটি সচিব কমিটিতে প্রেরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। নিয়োগবিধি প্রণীত হলে শূন্য পদে জনবল নিয়োগ দেওয়া সম্ভব হবে।

১.৫ অন্যান্য পদের তথ্য :

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| **১** | **২** |
| X | X |

চলমান পাতা-২

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| **প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি** | | | **নতুন নিয়োগ প্রদান** | | | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|
| **কর্মকর্তা** | **কর্মচারী** | **মোট** | **কর্মকর্তা** | **কর্মচারী** | **মোট** | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** |
| X | X | X | X | X | X | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| **ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)** | **মন্ত্রী/উপদেষ্টা** | **প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট** | **সচিব** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | X | X | X | X |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | X | X | X | X |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| **ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) *** | **মন্ত্রী/উপদেষ্টা** | **প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট** | **সচিব** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| X | X | X | X | |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : **প্রযোজ্য নয়।**

## (২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| **ক্রমিক** | **মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম** | **অডিট আপত্তি** | | **ব্রডশিটে জবাবের সংখ্যা** | **নিষ্পত্তিকৃত অডিট আপত্তি** | | **অনিষ্পন্ন অডিট আপত্তি** | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | **সংখ্যা** | **টাকার পরিমাণ** (কোটি টাকায়) | | **সংখ্যা** | **টাকার পরিমাণ** (কোটি টাকায়) | **সংখ্যা** | **টাকার পরিমাণ** (কোটি টাকায়) |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৮** | **৯** | **১০** |
| | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা। | ৯টি | ০.৩০১০ | ৪টি | ৪টি | ০.২৯১৪ | ৫টি | ০.০০৯৬ |
| | **সর্বমোট** | ৯টি | ০.৩০১০ | ৪টি | ৪টি | ০.২৯১৪ | ৫টি | ০.০০৯৬ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা : **প্রযোজ্য নয়।**

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| **প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৪-১৫) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা** | **প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা** | | | | **অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা** |
|---|---|---|---|---|---|
| | **চাকুরিচ্যুতি/ বরখাস্ত** | **অব্যাহতি** | **অন্যান্য দন্ড** | **মোট** | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| X | X | X | X | X | X |

চলমান পাতা-৩

**(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত)**

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| x | ৩টি | x | ৩টি | ১৪টি |

**(৫) মানবসম্পদ উন্নয়ন**

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ৪ | ৫ জন।<br><br>1. Conduct & Discipline Course □ ২ জন<br>2. Modern Office Management □ ১ জন<br>3. Training in Budgeting and Accountings System (TIBAS)15 □ ১ জন<br>4. Communicative English Course □ ১ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৪-১৫) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

| ক্রমিক নং | প্রশিক্ষণের শিরোনাম | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণের সময় |
|---|---|---|---|
| ০১ | সরকারি কর্মচারী আচরণ বিধিমালা | ১৭-১২-২০১৪ | সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা। |
| ০২ | নথি ব্যবস্থাপনা | ১৮-১২-২০১৪ | সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা। |
| ০৩ | বিবিধ পত্র যোগাযোগ | ২১-১২-২০১৪ | সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা। |
| ০৪ | চাকুরীতে নিয়োগ প্রক্রিয়া | ২৬-০১-২০১৫ | সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা। |
| ০৫ | ছুটি বিধিমালা | ২৭-০১-২০১৫ | সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা। |
| ০৬ | বিভিন্ন প্রকার ভ্রমণ ভাতা | ২৮-০১-২০১৫ | সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা। |
| ০৭ | বাংলা শুদ্ধ বানান নীতি | ২২-০৬-২০১৫ | সকাল ১০:১৬ টা থেকে ১১:৪৫ টা। |

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : **জনবল সংকট।**

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? : **প্রযোজ্য নয়।**

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা

**(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত)**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| x | x |

চলমান পাতা-৪

**(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত)**

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | হ্যাঁ | হ্যাঁ | নাই | ০৮ | ০৭ |

**(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ**
(অর্থ বিভাগের জন্য)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| | | ২০১৪-১৫ | | ২০১৩-১৪ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | X | X | X | X | X | X |
| | নন-ট্যাক্স রেভিনিউ | ০.৩০১০ | ০.৪৭৯১ | ০.৪০১০ | ০.৪৭৩০ | (+) | (+) |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | X | X | X | X | X | X |
| লভ্যাংশ হিসাবে | | X | X | X | X | X | X |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি

**(ক) <u>চলচ্চিত্র সেন্সর সংক্রান্ত কার্যক্রমঃ</u>**

- বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে দেশী-বিদেশী সর্বপ্রকার বাণিজ্যিক ও অবাণিজ্যিক বাংলা ও ইংরেজী এবং আমদানীকৃত চলচ্চিত্রসমূহ বাংলাদেশে প্রদর্শনের জন্য সেন্সর করা হয়ে থাকে।
- ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত ৯৪টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৫৬টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি, ১টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ৬৪টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার এবং ৮টি বিজ্ঞাপনচিত্র সেন্সর করা হয়েছে।
- ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত ৯১ টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৫৩টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি, ১টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ৬৪টি বাংলা ট্রেলার এবং ৮টি বিজ্ঞাপনচিত্রের সেন্সর সনদপত্র জারী করা হয়েছে।
- ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত ৬টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৩টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে সেন্সর আবেদনপত্র বাতিল ঘোষণা করা হয়।
- এছাড়াও ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত বিভিন্ন চলচ্চিত্র উৎসবের জন্য মোট ১৩৩টি বিদেশি চলচ্চিত্র পরীক্ষণপূর্বক বিশেষ সেন্সর সনদপত্র জারী করা হয়েছে।
- বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড চলচ্চিত্রের প্রচারের জন্য নির্মিত পোস্টার ও ফটোসেট অনুমোদন দিয়ে থাকে। ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড থেকে ৮৬টি চলচ্চিত্রের পোস্টার ৭৮টি চলচ্চিত্রের ফটোসেট এর অনুমোদন দেয়া হয়েছে।
- ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক দেশের বিভিন্ন স্থান থেকে জব্দকৃত ৩৪(চৌত্রিশ) টি সিডি/ডিভিডি, ০২(দুই) টি মেমোরি কার্ড বিজ্ঞ আদালতের নির্দেশে পরীক্ষা করে মতামতের জন্য এ দপ্তরে প্রেরণ করা হয়েছিল। প্রেক্ষিতে সিডি/ ডিভিডি/মেমোরি কার্ডগুলো পরীক্ষা করে সংশ্লিষ্ট থানায় মতামত প্রদান করা হয়েছে।

চলমান পাতা-৫

## (খ) পরিদর্শন কার্যক্রম

বর্তমানে চলচ্চিত্র সেন্সরশিপ আইন ও বিধি কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে। পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে। পরিদর্শকগণ মাঠ পর্যায়ে নিয়মিতভাবে পরিদর্শনে যাচ্ছেন। চলচ্চিত্র শিল্পের সুষ্ঠ পরিবেশ বজায় রাখার স্বার্থে আইন ও বিধি লংঘনকারী চলচ্চিত্রগুলোর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

চলচ্চিত্রে সেন্সরবিহীন অশ্লীল গান ও দৃশ্য সংযোজন করে প্রদর্শন করার দায়ে নোয়াখালী জেলার সোনাইমুড়ি থানাধীন ‘‘রবিন’’ সিনেমা হল থেকে ‘‘নিরাপত্তা’’ ; কুমিল্লা জেলার লাকসাম থানাধীন ‘‘পড়শী’’ সিনেমা হল থেকে ‘‘টপ লিডার’’ এবং একই জেলার ‘‘রুপালী’’ সিনেমা হল থেকে ‘‘লালু কসাই’’ ; চুয়াডাঙ্গা জেলার ‘পান্না’ সিনেমা হল থেকে ‘‘নিরাপত্তা’’; নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানাধীন ‘‘লাভলী’’ সিনেমা হল থেকে ‘‘কাটা লাশ’’ এবং ‘‘অভিলাস’’ সিনেমা হল থেকে ‘‘স্টেশনের রংবাজ’’; গাজীপুর জেলার সদর থানাধীন ‘‘ঝুমুর’’ সিনেমা হল থেকে ‘‘খুনী বিল্লা’’, ‘‘নন্দিতা’’ সিনেমা হল থেকে ‘‘নগদ’’ এবং একই জেলার শ্রীপুর থানাধীন ‘‘শাপলা’’ সিনেমা হল থেকে ‘‘নগদ’’ নামক পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের ৯টি প্রিন্ট জব্দ করা হয়। চলচ্চিত্রগুলোর মধ্যে সংশ্লিষ্ট থানা থেকে প্রিন্ট জব্দ করার বিষয়ে এ দপ্তরকে অবহিত করায় নিরাপত্তা, খুনী বিল্লা ও নগদ নামক ৩টি পুর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের সেন্সর সনদপত্র সাময়িকভাবে স্থগিত (সাসপেন্ড) করা হয়।

চলচ্চিত্রে সেন্সরবিহীন অশ্লীল গান ও দৃশ্য সংযোজন করে প্রদর্শন এবং অনুমোদন বিহীন অশ্লীল পোস্টার, ফটোসেট ও ব্যানার ছাপিয়ে প্রচারকার্য চালানোর দায়ে চলচ্চিত্রের বর্ণিত ৯টি প্রিন্ট জব্দ করা ছাড়াও এ সময়ে আরো ১৬টি জব্দপত্র প্রেরণ করা হয়েছে এবং ১২টি চলচ্চিত্রের প্রযোজককে ব্যাখ্যা তলব করে সতর্ক করা হয়েছে। চলচ্চিত্রে অশ্লীলতা, সেন্সরবিহীন চলচ্চিত্র এবং চলচ্চিত্রের অশ্লীল দৃশ্য ও অশ্লীল প্রচার সামগ্রীর বিরুদ্ধে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড তৎপর রয়েছে।

## (গ) পরিদর্শনকৃত জেলার নাম ও মোট সিনেমা হলের সংখ্যা

প্রতিবেদনাধীন সময়ে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, টাংগাইল, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, পাবনা, নাটোর, রাজশাহী, চাপাই নবাবগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, সিলেট, খুলনা, যশোর, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুড়া, কুষ্টিয়া, ঝিনাইদহ, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, বি-বাড়ীয়া, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ভোলা, বরিশাল, পটুয়াখালী এবং ঝালকাঠি জেলার সিনেমা হলগুলি পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকৃত মোট সিনেমা হলের সংখ্যা ৩৪১টি।

## (ঘ) রাজস্ব আয়ঃ

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সরকারের একটি গুরুত্বপূর্ণ কর-ব্যতিত রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান। ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ জুন পর্যন্ত চলচ্চিত্র সেন্সর ও স্ক্রীনিং ফি বাবদ = ৪৭,৯১,৫০০/-(সাতচল্লিশ লক্ষ একানব্বই হাজার পাঁচশত) টাকা রাজস্ব আয় হয়েছে।

## (ঙ) ডিজিটাল বাংলাদেশ ও আইসিটি উন্নয়ন :

বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য ডিজিটাল বাংলাদেশ ও আইসিটি সংক্রান্ত উন্নয়নের পদক্ষেপ হিসেবে এ বোর্ডের কর্মকর্তা ও আইসিটি সম্পৃক্ত কর্মচারীদের কম্পিউটারভিত্তিক জ্ঞান ও বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও নিজস্ব ডাইনামিক ওয়েব সাইট চালুসহ ইন্টারনেট সংযোগ নেয়া হয়েছে এবং এ দপ্তরে ব্যবহৃত কম্পিউটারগুলির মধ্যে লেন স্থাপন করা হয়েছে। এছাড়াও এ বোর্ডের □□□□□□□ □□□□□□□□ কার্যক্রম সংক্রান্ত তথ্য, উপাত্ত এ দপ্তরের ওয়েব সাইট www.bfcb.gov.bd তে সন্নিবেশিত করা হয়েছে। ওয়েব সাইটটি প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে।

## (চ) জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৩ :

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জাতীয় চলচ্চিত্র পুরস্কর-২০১৩ প্রদান উপলক্ষে গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করেছে। এ সময় বোর্ডে পুরস্কারের জন্য জমাকৃত ২৮টি চলচ্চিত্রের স্ক্রিনিং করা হয়। পুরস্কার বাছাই এর কাজে সহায়তা প্রদানের পাশাপাশি বোর্ড পুরস্কারের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ২৫টি ক্যাটাগরির ২৯টি সাইটেশন প্রণয়ন ও ভিডিও ক্লিপিং প্রস্তুত করা হয়।

চলমান পাতা-৬

৯.৩ **২০১৪-১৫** অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ **(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পুরণ ইত্যাদি)**

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের অনুমোদিত পদসংখ্যা ৩৬টি। এরমধ্যে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ১৬টি পদ শূন্য রয়েছে। নিজস্ব নিয়োগবিধি না থাকায় শূন্য পদে জনবল নিয়োগ দেওয়া সম্ভব হচ্ছে না। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের কর্মকর্তা/কর্মচারী নিয়োগবিধিমালা, ২০১৫ প্রণয়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। উক্ত নিয়োগবিধিমালা চূড়ান্তরূপে প্রণীত হলে শূন্যপদে জনবল নিয়োগ দেওয়া সম্ভব হবে।

**(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত**

১০.১ **২০১৪-১৫** অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

- সেন্সর সংক্রান্ত আইন, বিধি ও নীতি সঠিক প্রতিপালনের মাধ্যমে চলচ্চিত্রের সেন্সর কার্যক্রম পরিচালনা, পরিদর্শন কার্যক্রম জোরদার ও টাস্কফোর্স গঠন করার মাধ্যমে চলচ্চিত্র শিল্পকে অপসংস্কৃতি, অশ্লীলতা ও মূল্যবোধের অবক্ষয় থেকে রক্ষা করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে সারাদেশের অধিকাংশ সিনেমা হলে অশালীন ও সেন্সরবিহীন দৃশ্যসহ চলচ্চিত্র প্রদর্শন বন্ধ এবং সুস্থ ও রুচিশীল চলচ্চিত্রের আইনানুগ প্রদর্শন নিশ্চিত করা সম্ভব হয়েছে। ফলে বর্তমানে সামগ্রিক চলচ্চিত্র শিল্পে একটি সুস্থ পরিবেশ বিরাজ করছে।

- জাতীয় চলচ্চিত্র পুরস্কার-১৩ প্রদানের লক্ষ্যে গঠিত জুরি বোর্ডকে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্তৃক সাচিবিক সহায়তা প্রদান, এ উপলক্ষে প্রকাশিত স্মরণিকায় টেক্সট সরবরাহ এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানের জন্য ভিডিও ক্লিপিং ও সাইটেশন প্রণয়ন করা হয়েছে। এর ফলে জাতীয় চলচ্চিত্র পুরস্কার-১৩ প্রদান সফলভাবে সম্পন্ন করতে সহায়ক ভূমিকা পালন করেছে সেন্সর বোর্ড।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : **প্রযোজ্য নয়।**

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ

**অনুচ্ছেদ ১১-২৪ প্রযোজ্য নয়।**

সিনিয়র সচিব/সচিবের স্বাক্ষরঃ
নামঃ